

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৩

শান্তিরবাজার, ২২ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

শান্তিরবাজার মহকুমায় পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের ভোটারের কাজে নিযুক্ত কর্মীদের পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ আজ থেকে শুরু হয়েছে। শান্তিরবাজার দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আজ ৩৮-জোলাইবাড়ি (এসটি) বিধানসভা ক্ষেত্রের ৪৫৬ জন ভোটারের কাজে নিযুক্ত কর্মী পোস্টাল ব্যালটে তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন। উল্লেখ্য, গতকাল সাংবাদিক সহ জরুরী পরিষেবার সাথে যুক্ত ৯ জন ভোটার পোস্টাল ব্যালটে তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন।
